

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৫, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৫ই মার্চ, ২০০৯/২১শে ফাল্গুন, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৫ই মার্চ, ২০০৯ (২১শে ফাল্গুন, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ১৭ নং আইন

Citizenship Act, 1951 (Act II of 1951) সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Citizenship Act, 1951 (Act II of 1951) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়:

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Citizenship (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Act II of 1951 এর section 5 এর সংশোধন।— Citizenship Act, 1951 (Act II of 1951) এর section 5 এ “father” শব্দ, তিনবার উল্লিখিত, এর পরিবর্তে “father or mother” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২১৬৩)

মূল্য : টাকা ২.০০

৩। রহিতকরণ ও হেফাজত।—(১) Citizenship (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৬৬ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশ দ্বারা সংশোধিত Citizenship Act, 1951 (Act II of 1951) এর অধীন কৃত কাজ বা গৃহীত কোন ব্যবস্থা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আশফাক হামিদ

সচিব।

মোঃ মাহমুদ খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd